দৈনিক ইনকিলাব



তারিখ 21 MAR 1989
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

১৩২

# এসএসসি পরীক্ষার প্রথম ২ দিনে ৬ হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত

—শিক্ষামন্ত্রী

এসএসসি পরীক্ষার প্রথম ২ দিনে (বাংলা ও ইংরাজী ) অসদুপায় অবলম্বনের কারণে দেশের বিভিন্ন কেন্দ্র থেকে ৬ হাজারেরও বেশি পরীক্ষার্থীকে বহিষ্কার

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

করা হয়েছে। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল বাসসকে একথা জানান। তিনি বলেন, চট্টগ্রামের রাউজান কলেজ কেন্দ্র ও জামালপুরের সরিষবাড়ি কেন্দ্রে ইংরাজী পরীক্ষা ও সাতক্ষীরার তালায় বাংলা পরীক্ষা বাতিল করা হয়েছে। অন্যান্য পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে চললে এ তিনটি কেন্দ্রে উক্ত বিষয়গুলোর পুনঃ পরীক্ষা অনুষ্ঠানের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করে দেখবেন।

দেশের ৪টি বোর্ডের অধীনে প্রথম দু'দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্যে ৬ হাজার ১শ' ৯৪ জনের বহিষ্কারের কথা উল্লেখ করে জনাব শেখ শহীদুল ইসলাম বলেন, বাংলা পরীক্ষায় ২ হাজার ৩শ' ৪৭ জন ও ইংরাজী পরীক্ষায় ৩ হাজার ৮শ' ৪৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, গত বছর প্রায় ৮ হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছিল। তিনি বলেন, এ বছর এসএসসি পরীক্ষায় ৪টি বোর্ডে ৪ লাখ ৪৯ হাজার পরীক্ষার্থী অংশ নিয়েছে। এদের মধ্যে মেয়েদের সংখ্যা ১ লাখ ৩৭ হাজার।

শিক্ষামন্ত্রী পরীক্ষার প্রথম দু'দিনে ঢাকা, সাভার, ধামরাই ও সিলেটের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি বলেন, এ সময় তিনি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে জনগণের মধ্যে অভাবনীয় 'সচেতনতা' দেখেছেন। এমনকি পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে অভিভাবকরা কর্তৃপক্ষের সাথে সহযোগিতাও করেছেন।